গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
ব্যবসা, বাণিজ্য ও বিনিয়োগ শাখা।
www.bogura.gov.bd

স্মারক নম্বর: ০৫.৫০.১০০০.০০০.০২২.৩৬.০০২২.২৬.১৪৩৩ তারিখ: ১৯ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ / ০৩ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

# রাষ্ট্রীয় জরুরী প্রয়োজনে সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

"সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬" এবং কৃষি মন্ত্রণালয়ের সার ব্যবস্থাপনা ও মনিটরিং অনুবিভাগের ২৭ আগস্ট ২০২৬ খ্রি: (সংশোধিত ৩১/০৮/২০২৬ খ্রি:) তারিখের স্মারক নং-১২.০০. ০০০০. ০৩১.৪০.০০১.২৫-৯১ মূলে জারিকৃত পরিপত্রের আলোকে বগুড়া জেলায় প্রতিটি ইউনিয়ন,পৌরসভা ও সিটি কর্পোরেশনে ০১ জন করে সার ডিলার নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্র: নং | সিটি কর্পোরেশন/ উপজেলার নাম | সিটি কর্পোরেশন/ পৌরসভা/ ইউনিয়নের সংখ্যা ( নিয়োগের জন্য প্রস্তাবিত ডিলার সংখ্যা) | ডিলার ইউনিট ও কার্যএলাকা (সিটি কর্পোরেশন/ পৌরসভা/ ইউনিয়ন) |
|---|---|---|---|
| ১. | বগুড়া সিটি কর্পোরেশন, বগুড়া | ০১ | বগুড়া সিটি কর্পোরেশন, বগুড়া। |
| ২. | বগুড়া সদর | ১১ | ফাঁপোড়, সাবগ্রাম, নিশিন্দারা, এরুলিয়া, রাজাপুর, শাখারিয়া, শেখেরকোলা, গোকুল, নুনগোলা, লাহিড়ীপাড়া, নামুজা |
| ৩. | শাজাহানপুর | ০৯ | আশেকপুর, মাদলা, মাঝিড়া, আড়িয়া, খোট্টাপাড়া, খরনা, গোহাইল, চোপিনগর, আমরুল |
| ৪. | শেরপুর | ১১ | শেরপুর পৌরসভা, খানপুর, গাড়ীদহ, ভবানীপুর, খামারকান্দি, সুঘাট, কুসুম্বি, সীমাবাড়ী, শাহবন্দেগী, বিশালপুর, মির্জাপুর |
| ৫. | ধুনট | ১১ | ধুনট পৌরসভা, নিমগাছি, কালেরপাড়া, চিকাশী, গোসাইবাড়ী, ভান্ডারবাড়ী, ধুনট সদর, এলাঙ্গী, চৌকিবাড়ী, মথুরাপুর, গোপালনগর |
| ৬. | গাবতলী | ১৩ | গাবতলী পৌরসভা, কাগইল, দক্ষিণপাড়া, সোনারায়, রামেশ্বরপুর, নারুয়ামালা, সুখানপুকুর, নেপালতলী, দুর্গাহাটা, গাবতলী সদর, মহিষাবান, নশিপুর, বালিয়াদিঘী |
| ৭. | সারিয়াকান্দি | ১৩ | সারিয়াকান্দি পৌরসভা, নারচী, হাটশেরপুর, ফুলবাড়ি, ভেলাবাড়ি, কামালপুর, চন্দনবাইশা, কর্ণিবাড়ি, কুতুবপুর, সারিয়াকান্দি সদর, কাজলা, বোহাইল, চালুয়াবাড়ী |
| ৮. | সোনাতলা | ০৮ | সোনাতলা পৌরসভা, সোনাতলা সদর, বালুয়া, দিগদাইড়, জোড়গাছা, মধুপুর, তেকানিচুকাইনগর, পাকুল্লা |
| ৯. | শিবগঞ্জ | ০৯ | শিবগঞ্জ পৌরসভা, কিচক, বেতগাড়ী, আটমুল, পীরব, মাঝিহট্ট, বুড়িগঞ্জ, বিহার, রায়নগর |
| ১০. | মোকামতলা (নবগঠিত) | ০৮ | ময়দানহাটা, স্বর্ণগ্রাম, শিবগঞ্জ, রহবল, দেউলী, সৈয়দপুর, জগন্নাথপুর, মোকামতলা |
| ১১. | কাহালু | ১০ | কাহালু পৌরসভা, কাহালু সদর, মুরইল, নারহট্ট, পাইকড়, বীরকেদার, মালঞ্চা, জামগ্রাম, দুর্গাপুর, কালাই |
| ১২. | দুপচাঁচিয়া | ০৮ | দুপচাঁচিয়া পৌরসভা, তালোড়া পৌরসভা, জিয়ানগর, চামরুল, দুপচাঁচিয়া সদর, গুনাহার, গোবিন্দপুর, তালোড়া |
| ১৩. | আদমদীঘি | ০৭ | সান্তাহার পৌরসভা, আদমদীঘি সদর, ছাতিয়ানগ্রাম, নশরতপুর, কুন্দগ্রাম, চাঁপাপুর, সান্তাহার |
| ১৪. | নন্দিগ্রাম | ০৬ | নন্দিগ্রাম পৌরসভা, বুড়ইল, নন্দীগ্রাম সদর, ভাটরা, থালতামাঝগ্রাম, ভাটগ্রাম |

**শর্তাবলী:**

(ক) সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬ এর পরিশিষ্ট-১ এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে।

**(খ) যে সকল আবেদনকারী সার ডিলার নিয়োগের জন্য ইতোপূর্বে ১১/০৮/২০২৬ খ্রি: তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন দাখিল করেছেন তাদের অনিষ্পন্ন আবেদন সমুহ বর্তমান বিজ্ঞপ্তির আওতাধীন মর্মে বিবেচনা করে তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।**

**(গ)** আবেদনকারীদের 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬' এর নীতিমালায় বর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে হবে।

(ঘ) **যোগ্যতা:**

১. আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের/উপজেলার/পৌরসভা/সিটি কর্পোরেশনের বাসিন্দা হতে হবে ও এর প্রমাণক হিসবে জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র বা প্রশাসক/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;

২. নিজ মালিকানা অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট কার্য এলাকায় (ডিলার ইউনিটে) কমপক্ষে ২৫ মে.টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে। তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং একইভাবে সারের গুদামে বীজ সংরক্ষণ করা যাবে না;

৩. বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে;

৪. আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ০৫.০০ (পাঁচ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে;

৫. ইউনিয়ন পরিষদ/ পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে;

৬. আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর হতে হবে;

৭. আবেদনকারীর শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে; এবং

৮. আবেদনকারীর টিআইএন থাকতে হবে।

(ঙ) **অযোগ্যতা:**

১. ইতোপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতোপূর্বে ব্যবসায়ে অনিয়ম/কোনো ফৌজদারি বা অন্য কোনো আইনে দন্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দন্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন;

২. কোনো বিধিবদ্ধ সরকারি/ আধাসরকারি/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/ পাবলিক বিশ্ববিদ্যালয়/ এমপিওভুক্ত প্রতিষ্ঠানের কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে/থাকতে পারবেন না;

৩. সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ থাকলে পরিবারের অপর কেউ ডিলারশিপের আবেদন করতে বা ডিলার হতে পারবেন না। এক্ষেত্রে পরিবারের সদস্য বলতে পিতা, মাতা, স্বামী/স্ত্রী, পুত্র , পুত্রের স্ত্রী, পুত্রের পুত্র ও তাদের স্ত্রী, অবিবাহিত কন্যা ও নির্ভরশীল ভাই ও বোন যারা এক খানায় খাদ্য গ্রহণ করে তাদের বুঝায়;

(চ) **সারের ডিলারশিপের জন্য আবেদনপত্র জমাদানের শর্ত ও প্রয়োজনীয় কাগজপত্র:**

১.আবেদনকারীকে নির্ধারিত ছকে (পরিশিষ্ট-০১) আবেদন প্রস্তুত করে তার প্রতিষ্ঠানের নিজস্ব লেটার প্যাডে পরিচায়কপত্র (Cover Letter) সহ আবেদন দাখিল করতে হবে;

২.আবেদনপত্রের সঙ্গে নিম্নবর্ণিত দলিলাদি/কাগজপত্র জমা দিতে হবে:

(ক) জাতীয় পরিচয়পত্র ও স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নাগরিক সনদ;

(খ) সাম্প্রতিক তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ ছবি;

(গ) হালনাগাদ ট্রেড লাইসেন্স;

(ঘ) দোকান ও গুদামের পরিমাপের বর্ণনাসহ মালিকানা দলিলের/ ভাড়ার চুক্তিনামার কপি;

(ঙ) ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ;

(চ) আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক প্রত্যয়িত পরিবারের সদস্যদের পেশাসহ (পিতা, মাতা, পুত্র, অবিবাহিত কন্যা এবং নির্ভরশীল ভাই ও বোন) তালিকা; এবং

(ছ) হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের সনদ।

৩.ডিলারশিপের জন্য আবেদনকারীর কৃষি উপকরণ সংক্রান্ত ব্যবসায়ের পূর্ব অভিজ্ঞতা থাকলে তার বিবরণ (প্রমাণাদিসহ) দাখিল করতে হবে;

৪. আবেদনেপত্রের সঙ্গে আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ২০০০.০০ (দুই হাজার) টাকার পোস্টাল অর্ডার/ পে - অর্ডার/ডিমান্ড ড্রাফট সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, বগুড়া'র বরাবর জমা দিতে হবে;

৫. একই সঙ্গে জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, বগুড়া বরাবর আর্নেস্টমানি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনোরূপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট বাজেয়াপ্ত হবে। ফলাফল প্রকাশের পর অনির্বাচিত আবেদনকারীদের আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট ১০(দশ) কর্মদিবসের মধ্যে ফেরত প্রদান করা হবে। নির্বাচিত আবেদনকারীর আর্নেস্টমানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।

৬. ডিলার হিসেবে নিয়োগ প্রত্যাশী প্রত্যেক নির্বাচিত আবেদনকারীকে স্থায়ী জামানত জমা প্রদানের বিষয় অবহিত হওয়ার পর ১০ (দশ) কর্মদিবসের মধ্যে তফসিলভুক্ত ব্যাংক হতে ইস্যুকৃত পে-অর্ডার/ ডিমান্ড ড্রাফট এর মাধ্যমে জেলা সার ও বীজ মনিটরিং কমিটির অনুকূলে ৩,০০,০০০.০০ (তিন লক্ষ) টাকা জামানত হিসেবে জমা দিতে হবে। নির্দিষ্ট ১০ (দশ) কর্মদিবসের মধ্যে জামানতের টাকা পরিশোধে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং আর্নেস্টমানি বাবদ প্রদত্ত ১০,০০০.০০ (দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট বাজেয়াপ্ত করা হবে।

**(ছ) আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও স্থান:**

i. ১০ সেপ্টেম্বর ২০২৬ তারিখ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত;

ii. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, বগুড়া'র দপ্তরে জমা করতে হবে।

বি: দ্র: কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৩/০৯/২৬

**(মো: তৌফিকুর রহমান)**
জেলা প্রশাসক, বগুড়া
এবং
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, বগুড়া।